

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৫২৭

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কর্তৃক ইশার সালাতকে অর্ধরাত পর্যন্ত বিলম্ব করার অভিলাষ

ذِكْرُ إِرَادَةِ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ تَأْخِيرَ صَلَاةِ الْعِشَاءِ إِلَى شَطْرِ اللَّيْلِ

## আরবী

1527 \_ أَخْبَرَنَا أَبُو يَعْلَى حَدَّثَنَا أَبُو خَيْثَمَةَ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ خَازِمٍ حَدَّثَنَا دَاؤُدُ بْنُ أَبِي هِنْدٍ عَنْ أَبِي نَضْرَةَ: عَنْ جَابِرٍ قَالَ: خَرَجَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى هِنْدٍ عَنْ أَبِي نَضْرَةً: عَنْ جَابِرٍ قَالَ: خَرَجَ رَسُولُ اللَّهِ صَلَّى النَّاسُ وَرَقَدُوا وَأَنْتُمْ تَنْتَظِرُونَهَا أَصْحَابِهِ ذَاتَ لَيْلَةٍ وَهُمْ يَنْتَظِرُونَ الْعِشَاءَ فَقَالَ: (صَلَّى النَّاسُ وَرَقَدُوا وَأَنْتُمْ تَنْتَظِرُونَهَا أَمَا إِنَّكُمْ فِي صَلَاةٍ مَا انْتَظَرْتُمُوهَا) ثُمَّ قَالَ: (لَوْلَا ضَعَفْ الضَعِيفِ \_ أَوْ كِبَرُ الْكَبِيرِ \_ لَوْلَا ضَعْفُ الضَعِيفِ \_ أَوْ كِبَرُ الْكَبِيرِ \_ لَأَخْرَت هذه الصلاة إلى شطر الليل)

الراوي: جَابِر بْن عَبْدِ اللَّهِ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1527 ا خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (449).

## বাংলা

১৫২৭. জাবির বিন আব্দুল্লাহ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এক রাতে তাঁর সাহাবীদের উদ্দেশ্যে বের হয়ে আসলেন এমন অবস্থায় যে তারা ইশার সালাতের জন্য অপেক্ষা করছেন। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "অন্যান্য লোকজন সালাত আদায় করেছে এবং শয়ন করেছে আর তোমরা সালাতের জন্য অপেক্ষা করছো। জেনে রাখো, নিশ্চয়ই তোমরা যতক্ষন সালাতের প্রতিক্ষায় থাকবে, ততক্ষন তোমরা সালাতের মধ্যেই আছো।" তারপর তিনি বলেন, "যদি দুর্বল লোকদের দুর্বলতার বিষয়টি না থাকতো অথবা (রাবীর সন্দেহ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন) যদি বয়োঃবৃদ্ধ লোকদের বার্ধক্যের ব্যাপারটি না থাকতো- তবে এই সালাতকে আমি অর্ধরাত পর্যন্ত পিছিয়ে আদায় করতাম।"[1]



## ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/৪০২; সুনান বাইহাকী: ১/৩৭৫; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/১৫৭; মুসনাদ আহমাদ: ৩/৩৬৭; মাজমা'উয যাওয়াইদ: ১/৩১২।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: 88৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন